



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২ সেপ্টেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## গুইমারায় সেনা মদদপুষ্ট সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সংগঠককে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা এক বিবৃতিতে আজ শুক্রবার, ২ সেপ্টেম্বর ২০২২ সকালে গুইমারায় সেনা মদদপুষ্ট নব্যমুখোশ সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফের স্থানীয় সংগঠক অংথোই মারমা ওরফে আশুন (৫২)-কে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ সকাল ৯:৪৫টার দিকে অংথোই মারমা সাংগঠনিক কাজে যাবার পথে গুইমারার দেওয়ান পাড়া নামক স্থানে আগে থেকে ওঁৎ পেতে থাকা সন্ত্রাসীদের সশস্ত্র হামলার শিকার হন। এতে গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই তিনি মারা যান। তাকে হত্যার পর সন্ত্রাসীরা তাঁর মৃতদেহের পাশে একটি পিস্তল রেখে দেয়।

নিহত অংথোই মারমার পিতার নাম কংহ্লাউ মারমা। তাঁর বাড়ি উপজেলার যৌথখামারের বুদ্ধপাড়ায়।

বিবৃতিতে অংগ্য মারমা ক্ষোভ প্রকাশ করে বলেন, সেনাবাহিনী সশস্ত্র সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয় ও মদদ দিয়ে একের পর এক ইউপিডিএফ নেতা-কর্মীকে হত্যার কাজে লেলিয়ে দিচ্ছে। অংথোই মারমাকে হত্যার ঘটনাটিও তারই অংশ।


বিবৃতিতে তিনি আরো বলেন, ভ্রাতৃঘাতি সংঘাত বন্ধে পক্ষে গণেজোয়ার সৃষ্টি হওয়ায় এ গণআন্দোলনকে ভেঙে দিতে শাসকগোষ্ঠী ও তার বাহিনী ষড়যন্ত্র শুরু করেছে। যার কারণে তারা সন্ত্রাসী লেলিয়ে দিয়ে খুন-খারাবি করে সংঘাত উস্কে দেয়ার মরিয়া অপচেষ্টা চালাচ্ছে। তিনি সবাইকে শাসকগোষ্ঠীর এই ষড়যন্ত্র সম্পর্কে সজাগ থাকার আহ্বান জানান।

খুন, গুম, অপহরণ ও দমন-পীড়ন চালিয়ে ন্যায়সঙ্গত আন্দোলন দমন করা যায় না উল্লেখ করে অংগ্য মারমা বলেন, ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামে জনগণের ন্যায় অধিকার প্রতিষ্ঠার জন্য আন্দোলন করছে। জনগণের ঐকান্তিক সমর্থন নিয়েই ইউপিডিএফ শত বাধা-বিপত্তি অতিক্রম করে আন্দোলন এগিয়ে

নিচ্ছে। কাজেই, নেতা-কর্মী হত্যা করে, অন্যায় নিপীড়ন চালিয়ে ইউপিডিএফ'র ন্যায়সঙ্গত আন্দোলন কখনো দমিয়ে রাখা যাবে না।

বিবৃতিতে তিনি অবিলম্বে অংথোই মারমা (আগুন)-এর হত্যাকারী সন্ত্রাসীদের শ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি এবং সন্ত্রাসীদের সেনা মদদদান বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।